

তারিখ : ১২/১২/২০২২ খ্রি.

মাস্টার্স শেষ পর্ব - ২০২০ পরীক্ষার আবেদন ফরম পূরণের সংশোধিত বিজ্ঞপ্তি

আবেদনকারীকে প্রথমে স্ব স্ব বিভাগ থেকে রেজিঃ কার্ড সংগ্রহ করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/mf) এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে।

অনলাইন থেকে ফরম সংগ্রহের তারিখঃ ০৫/১২/২০২২ থেকে ০৫/০১/২০২৩ পর্যন্ত কলেজে ফরম সংগ্রহের তারিখঃ

ক্রমিক নং	বিষয়ের নাম	কলেজের ব্যাংক কাউন্টারে টাকা জমা দেওয়া ও পূরণকৃত ফরম জমাদানের তারিখ	নিয়মিত	অনিয়মিত ও মানউন্নয়ন
১	হিসাববিজ্ঞান	১১/১২/২২ ও ১২/১২/২২	৩৫০০/-	ফরমে উল্লিখিত টাকা + ৫০৫/-
২	ব্যবস্থাপনা	১৩/১২/২২ ও ১৪/১২/২২		
৩	ফিন্যান্স এন্ড ব্যাংকিং	১৫/১২/২২		
৪	মার্কেটিং			

অনিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে যাদের মৌখিক পরীক্ষা থাকবে তাদের ফরমে উল্লিখিত টাকা + ৫৮০/-

অনিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০১৯ সালে আদৌ ফরমপূরণ করেনি তারা ৩৫০০/- টাকার সাথে অতিরিক্ত ৫৫০/- জমা দিতে হবে (৩৫০০+৫৫০ = ৪০৫০/-)।

বিদ্রূপ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না। ফরম পূরণ সংক্রান্ত কোন প্রকার ত্রুটি হলে mf@nubd.info নম্বর এ ই-মেইল করতে হবে। ফরম জমাদানের সময় বিভাগের রেজিস্ট্রার খাতায় অবশ্যই স্বাক্ষর করে ফরম জমা দিতে হবে।

বিঃ দ্রঃ- (১) আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার্থীর টার্মপেপার ও ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়াল কপি থেকে অনলাইনে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে নম্বর এন্ট্রি করার পর প্রিন্ট কপি মূল ম্যানুয়াল কপির সাথে যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল ম্যানুয়াল ও প্রিন্ট কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে গালানসিল করে বিবরণী জমা দেয়ার সময়ই উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। মূল ম্যানুয়াল কপির বাইরে কোন নম্বর গ্রহণ করা হবে না।

(২) মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/থিসিস পত্রের নম্বরসমূহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

(৩) রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে উল্লিখিত পত্রকোড ব্যতীত অন্য কোন পত্রকোডে পরীক্ষায় অংশ গ্রহণ করলে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে না। এমনকি পরীক্ষার পরে রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে পত্রকোড কোনভাবেই সংশোধন করা যাবে না।

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

- ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২০ সালের প্রাইভেট শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৮ এবং ২০১৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২০ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৮ এবং ২০১৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২০ সালের পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৯ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসব শিক্ষার্থী এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়েছে সেসব শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশ নিবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করতে পারবে। এসব শিক্ষার্থী ২০২০ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।
- ২০১৯ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী CGPA- 2.5-এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা ২০২০ সালের শুধুমাত্র ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষা বর্ষের পরীক্ষায় সেসব কোর্স/পত্রে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সেসব কোর্স/পত্রে/সর্বোচ্চ ০২ (দুই)টি পত্রে মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, এসব শিক্ষার্থীর ইন-কোর্স/ব্যবহারিক, টার্মপেপার, মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।

আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), On-line-এ ভাটা নিশ্চয়ন করার পর বিষয়ওয়ারী পরীক্ষার্থীদের বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) :

- আবেদনকারীকে নিজ দায়িত্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের EMS সফটওয়্যারের ওয়েবসাইট-এ (http://ems.nu.ac.bd/student-login) প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে Submit বাটনে ক্লিক করে লগইন করতে হবে। লগইন করার পর বাম পাশের ম্যানু বার থেকে Form Fillup ম্যানুতে ক্লিক করে Apply Now বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য যেমনঃ পরীক্ষার বিষয়, মোবাইল নম্বর ইত্যাদি দিয়ে Submit বাটনে ক্লিক করে Pop-Up ম্যানু থেকে Form Fillup নিশ্চয়নের জন্য YES বাটনে ক্লিক করতে হবে অন্যথায় নিশ্চয়ন না করতে চাইলে CANCEL বাটনে ক্লিক করতে হবে। Form Fillup নিশ্চয়ন করার পর APPLICATION FORM ডাউনলোড করে প্রিন্ট কপি এবং পরীক্ষার নির্ধারিত ফি সহ স্ব স্ব কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। Form Fillup এর সকল কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার পর PAYMENT STATUS পেইড (PAID) দেখাবে।
- আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

12-12-22
প্রফেসর কার্তিক চন্দ্র মন্ডল (৬০৬৪)
অধ্যক্ষ
আয়ম খান সরকারি কমান্স কলেজ
খুলনা।